গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.explosives.gov.bd
dhaka@explosives.gov.bd

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০০.০০১.২.১৫৭.৩৫.২৫/৪৮৮১ তারিখ: ২৪/০৭/২০২৫ খ্রি.।

বিষয়: সিটি এলপিজি লিমিটেড এর অনুকূলে মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলাধীন হোসেনদি ইকোনমিক জোনে এলপিজি সিলিন্ডার নির্মাণ প্ল্যান্টের নকশা অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: সিটি এলপিজি লিমিটেড কর্তৃক দাখিলকৃত ১৩/০৭/২০২৫ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান কর্তৃক ১৩/০৭/২০২৫ খ্রি. তারিখের আবেদন পর্যবেক্ষণে নিম্নরূপ বর্ণনা পাওয়া যায়:

"দৈনিক ২,০০০টি এলপিজি সিলিন্ডার উৎপাদন ক্ষমতাসম্পন্ন একটি সিলিন্ডার ম্যানুফেকচারিং প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। উক্ত সিলিন্ডার ম্যানুফেকচারিং প্ল্যান্টের কমিশনিং ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে এবং ইতোমধ্যে ট্রায়েল রানও সম্পন্ন করা হয়েছে"।

আবেদনে বর্ণিত উক্ত অবস্থার প্রেক্ষিতে অত্র দপ্তরের নিম্নরূপ পর্যবেক্ষণ দেয়া হলো:

১। গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩(১) অনুসারে আপনার আবেদিত বিষয়ের জন্য আপনার প্রতিষ্ঠান কর্তৃক কার্যক্রমের সম্পন্নতার ধারাবহিকতায় কোন প্রকার কার্যক্রম তথা নির্মাণকাজ সম্পন্ন করার কোন প্রকার সুযোগ নেই।

২। গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩(৩) অনুযায়ী দাখিলকৃত দরখাস্তটি অনুমোদনযোগ্য বিবেচিত হলে অত্র দপ্তরের একটি অনুমোদনপত্র জারি পরবর্তীতেই নকশা অনুমোদনসহ নির্মাণকাজ শুরু করার বিধান রয়েছে । নির্মাণ কাজ শেষে নির্মাণ সম্পন্নতার প্রতিবেদন দাখিলের পরেই এ দপ্তর হতে আপনার অনুকূলে সিলিন্ডার নির্মাণের অনুমতির নিমিত্ত বিস্ফোরক পরিদপ্তরের অনুমোদন আদেশ জারির পরেই সিলিন্ডার নির্মাণ কাজ শুরু করা যায়।

৩। সিলিন্ডার নির্মাণ শেষে পুনরায় নির্মিত সিলিন্ডারের কার্যক্ষমতা পরীক্ষণের পরে পৃথকভাবে বাজারজাতকরণের জন্য অত্র অফিস হতে অনুমোদন গ্রহণ করার নিয়ম রয়েছে।

৪। সুতরাং দেখা যায় আপনার প্রতিষ্ঠান বিস্ফোরক পরিদপ্তরের সকল বিধি-বিধানের প্রতি বৃদ্ধাঙ্গুলি ও অবজ্ঞা প্রদর্শন করে নিজ উদ্যোগে সমস্ত কার্য সম্পাদন করেছেন। ফলে এ ধরণের কার্যক্রমের দ্বারা আপনার প্রতিষ্ঠানের ওপর কি ধরণের প্রভাব পড়ছে সেটি বিস্ফোরক পরিদপ্তরের পক্ষে বিবেচনা করার কোনো বিধিগত সুযোগ নেই।

এমতাবস্থায়, উপরের সার্বিক বর্ণনার আলোকে এ পর্যায়ে আপনার আবেদনটির উপর পরবর্তী কোন প্রকার কার্যক্রম গ্রহণ ব্যতিরেকে নির্দেশক্রমে এতদসঙ্গে নামঞ্জুর করা হলো।

২৪/০৭/২০২৫

(মোঃ আলিম উদ্দিন)
সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা
টেলিফোন: ৮৩৯২৫৯৯

ব্যবস্থাপনা পরিচালক
সিটি এলপিজি লিমিটেড
সিটি হাউজ, প্লট নম্বর: এনডব্লিউ (জে)০৬
গুলশান-২, ঢাকা-১২১২

সদয় জ্ঞাতার্থে:
সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

Factory: Hoshendi Economic Zone, Hoshendi, Gajaria, Munshiganj, Bangladesh
Head Office: City House, Plot # NW (J) 06, Road # 51, Gulshan 02, Dhaka 1212, Bangladesh
Tel: +880 9611611777, +88-02-222262356, Fax: +88-02-222262361

# City LPG Limited.

বরাবর
প্রধান বিস্ফোরক পরিদর্শক
বিস্ফোরক পরিদপ্তর
সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

তারিখঃ ১৩/০৭/২০২৫ ইং

বিষয়ঃ সিটি এলপিজি লিমিটেড এর অনুকূলে এলপিজি সিলিন্ডার নির্মাণের অনুমতির জন্য (ম্যানুফাকচারিং প্ল্যান্ট) "ক" ফরমে লাইসেন্স প্রদানের আবেদন প্রসঙ্গে।

বি. প. ২(১৫৭)/৬৫ তাং-১৭/৬/২৫

মহোদয়,

বিনীত নিবেদন এই যে,বাংলাদেশের স্বনামধন্য ব্যবসায় প্রতিষ্ঠান সিটি গ্রুপ ব্যবসায়ের পরিধি আরও বিস্তৃত করার লক্ষ্যে মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলার হোসেনদি ইউনিয়নে মেঘনা নদীর তীরে হোসেনদি ইকোনমিক জোন নামে একটি ইকোনমিক জোন প্রতিষ্ঠা করেছে। উক্ত ইকোনমিক জোনের অভ্যন্তরে সিটি এলপিজি লিমিটেড জ্বালানী খনিজ সম্পদ বিভাগের অনুমতি নিয়ে ৯,৯০০ মেট্রিক টন ধারণ ক্ষমতা সম্পন্ন ৬টি বৃহৎ স্টোরেজ ট্যাংক এবং ৫ মেট্রিক টন ধারণ ক্ষমতার ১টি ছোট ট্যাংকসহ সর্বমোট ৯,৯০৫ মেট্রিক টন এলপিজি ধারণ ক্ষমতা সম্পন্ন ষ্টোরেজ স্থাপন করেছে। উক্ত এলপিজি প্ল্যান্টে ৩৬ টি ফিলিং হেড সম্বলিত ক্যারোজাল এবং এর সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল মেশিনারীজ সহ একটি এলপিজি বটলিং প্ল্যান্ট গড়ে ওঠেছে। উক্ত প্ল্যান্টে প্রতিদিন ২,০০০ টি সিলিন্ডার উৎপাদন ক্ষমতা সম্পন্ন একটি সিলিন্ডার ম্যানুফাকচারিং প্ল্যান্ট স্থাপন করেছে। উক্ত সিলিন্ডার ম্যানুফাকচারিং প্ল্যান্টের সমস্ত মেশিনারীজ এর কমিশনিং ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে এবং ইতিমধ্যে ট্রায়াল রান সম্পন্ন করেছে। উৎপাদিত সিলিন্ডারের গুণগত মান পরীক্ষার জন্য একটি আধুনিক পরীক্ষাগারও স্থাপন করা হয়েছে। পরীক্ষাগারে স্থাপিত ইকুইপমেন্ট সমূহের বিবরণ আপনার সদয় অবগতির জন্য সংযুক্ত করা হয়েছে। প্ল্যান্টে নির্মিতব্য ১২ কেজি, ৩৫ কেজি এবং ৪৫ কেজি সিলিন্ডারের ডিজাইন এবং ড্রয়িং আপনার সদয় অবগতির জন্য সংযুক্ত করা হয়েছে।

গত ০৩/০৩/২০২৫ ইং তারিখে উপরিউক্ত সিলিন্ডার ম্যানুফাকচারিং প্ল্যান্টের অনুমতি লাভের লক্ষ্যে গ্যাস সিলিন্ডার বিধিমালা ১৯৯১ এর বিধি ৩(২) অনুয়ায়ী "ক" ফরম পূরণ পূর্বক আপনার দপ্তরে আবেদন করা হয়। আপনার দপ্তর কর্তৃক নকশা সংশোধন করার নির্দেশনা প্রদানের পর নকশা সংশোধন করে পুনরায় দাখিল করা হয়। নকশা অনুমোদনের বিষযটি বিবেচ্য হলেও পরবর্তীতে ১৭/০৬/২০২৫ ইং তারিখে ভেটিং করনোর নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখিত নকশা ভেটিং করানোর জন্য বুয়েটে আবেদন করা হলে ভেটিং করা সময় সাপেক্ষ বলে বুয়েট কর্তৃপক্ষ জানিয়ে দেন। এই পরিস্থিতিতে গত চার মাস পুর্বে সিলিন্ডার ম্যানুফাকচারিং প্ল্যান্টের ট্রায়াল রান সম্পন্ন হলেও আপনার অনুমতি না পাওয়ায় সিলিন্ডার প্রডাকশন শুরু করা যাচ্ছে না, যার ফলে আমাদের প্রতিষ্ঠান ব্যাপকহারে আর্থিক ক্ষতি সাধিত হচ্ছে।

অতএব, মহোদয়ের নিকট বিনীত নিবেদন, উপরের বিষয়টি বিবেচনা পূর্বক ' সিটি এলপিজি লিমিটেড ' এর অনুকূলে এলপিজি সিলিন্ডার নির্মাণের জন্য "ক" ফরমে লাইসেন্স প্রদানে আপনার সদয় মর্জি হয়।

বিস্ফোরক পরিদপ্তর
প্রধান বিস্ফোরক পরিদর্শক-এর কার্যালয়
৪০০৬
১৫/৭/২৫
পরিদর্শক
১ / ২
পরিদর্শক ১ / ২ / ৩ / ৪ / ৫
প্রধান বিস্ফোরক পরিদর্শক
তারিখ ১৫/৭/২৫

বিনীত নিবেদক,

মোঃ হাসান
ব্যবস্থাপনা পরিচালক